

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৫৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. প্রথম অনুচ্ছেদ - কুরবানী

بَابُ فِي الْأُضْحِيَّةِ

আরবী

عَن أنس قَالَ: ضَحَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِكَبْشَيْنِ أَمْلَحَيْنِ أَقْرَنَيْنِ ذَبَحَهُمَا بِكَبْشَيْنِ أَمْلَحَيْنِ أَقْرَنَيْنِ ذَبَحَهُمَا بِيَدِهِ وَسَمَّى وَكبر قَالَ: «بِسْمِ اللَّهِ وَاللَّهُ أَكبر» أكبر»

বাংলা

কুরবানী করা শারী'আত অনুমোদিত যা কুরআন সুন্নাহ ও ইজমা দ্বারা প্রমাণিত। কুরআন দ্বারা প্রমাণিত আল্লাহ তা'আলার বাণীঃ فَصَلُ لَرَبِّكَ وَانْصَرُ "(ঈদের) সালাত আদায় কর এবং কুরবানী কর"- (সূরাহ্ আল কাওসার ১০৮: ২)। যেমনটি অধিকাংশ তাফসীরবিদরা বলেছেন আর মুতাওয়াতিরভাবে সুন্নাহ দ্বারা প্রমাণিত আর ইজমা হয়েছে এ ব্যাপারে কোন মতানৈক্য নেই। আর মুসলিমদের 'আমল রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সময়কাল হতে বর্তমান সময় পর্যন্ত মুতাওয়াতিরভাবে চলে আসছে। আর এটা ইব্রাহীম (আঃ)-এর সুন্নাহ যেমন আল্লাহ তা'আলার বাণীঃ وَفَدَيْنَهُ بِذَبْحٍ عَظِيْمٍ "আমি এক মহান কুরবানীর বিনিময়ে পুত্রটিকে ছাড়িয়ে নিলাম"- (সূরাহ্ আস্ স-ফফা-ত ৩৭: ১০৭)। আর অধিকাংশ 'আলিমদের অভিমত এটা সুন্নাতে মুয়াক্কাদাহ্।

১৪৫৩-[১] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন এক কুরবানীর ঈদে ধূসর রং ও শিংওয়ালা দু'টি দুস্বা কুরবানী করলেন। নিজ হাতে তিনি এ দুস্বা দু'টিকে বিসমিল্লা-হ ও আল্ল-হু আকবার বলে যাবাহ করলেন। আমি তাঁকে (যাবাহ করার সময়) দুস্বা দু'টির পাঁজরের উপর নিজের পা রেখে 'বিসমিল্লা-হি ওয়াল্ল-হু আকবার' বলতে শুনেছি। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫৫৬৫, মুসলিম ১৯৬৬, আত্ তিরমিয়ী ১৪৯৪, নাসায়ী ৪৩৮৭, ইবনু মাজাহ্ ৩১২০, আহমাদ ১৩২০২, ইবনু খুযায়মাহ্ ২৮৯৫, সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯১৬০, ইরওয়া ১১৩৭, আদ্ দা'ওয়াতুল কাবীর



(8७।

ব্যাখ্যা

व्याच्या: (أَمْلَحَيْن) দ্বারা উদ্দেশ্য সাদা মিশ্রিত হয়েছে কালো। কারো মতেঃ সাদা কালো মিশ্রিত তবে সাদা বেশী এবং এটাই সঠিক। কারো মতেঃ সম্পূর্ণভাবে সাদা। (أَقُرْنَيْنِ) যার দু'টি সুন্দর শিং রয়েছে, কারও মতে লম্বা শিং, কারো মতে ক্রুটিমুক্ত শিং। আর এটা প্রমাণ করে শিংযুক্ত পশু কুরবানী করা ভাল আর শিংবিহীন হতে। আরো প্রমাণ করে যে, কুরবানীর পশু সুন্দর ও রং ভাল হওয়া শারী'আত সম্মত।

তিনি যাবাহ করার সময় দু'পা দুম্বাদ্বয়ের পাঁজরের উপর রেখেছেন। ইবনু হাজার বলেন, এটা ভাল যে পা কুরবানী জন্তুর গলার ডান পাঁজরে রাখা আর সবাই ঐকমত্য হয়েছেন যে, জন্তুটিকে বাম পাশে শুয়ে দেয়া যাতে ডান পাশে পা রাখতে পারে এতে যাবাহ করা সহজ হয়। ডান হাতে ছুরি ধরে এবং বাম হাত দিয়ে জন্তুর মাথা মজবুত করে ধরে রাখতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন